



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-০৮

০৪ মার্চ ২০২৬

তারিখ: -----

১৯ ফাল্গুন ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংকের ব্যবসা কেন্দ্র স্থাপন ও ভাড়া/ইজারা সংক্রান্ত নীতিমালা।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০২/২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উল্লিখিত সার্কুলারে ব্যাংকের ব্যবসা কেন্দ্র স্থাপন ও ভাড়া/ ইজারা সংক্রান্ত করণীয়ের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। ব্যাংক ব্যবসা কেন্দ্রের সংখ্যাধিক্য এবং ভাড়া চুক্তির মেয়াদ পূর্তিতে একস্থান হতে অন্য স্থানে স্থানান্তর উত্তরোত্তর বৃদ্ধি পাওয়ায় ব্যবসা কেন্দ্র স্থাপন এবং স্থানান্তর প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট ভাড়া/ ইজারা গ্রহণের অনুমোদন সহজীকরণ ও গতিশীল করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কতিপয় উদ্যোগ গ্রহণ করেছে। এই প্রেক্ষিতে, বিআরপিডি সার্কুলার নং-০২/২০২৩ এর ৭.০ হতে ৭.৫ নং ক্রমিকে বর্ণিত নির্দেশনার অতিরিক্ত হিসাবে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

১. বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ ব্যতিরেকে স্ব স্ব ব্যাংকের পরিচালক পর্যদের অনুমোদনক্রমে ব্যবসা কেন্দ্রের ভাড়া/ইজারা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ, নতুন চুক্তি সম্পাদন এবং মেয়াদোত্তীর্ণ চুক্তি নবায়ন করতে পারবে। তবে এক্ষেত্রে নিম্নোক্ত শর্তাদি প্রযোজ্য হবে:

ক) বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ব্যতিরেকে ভাড়া/ইজারা গ্রহণের ক্ষেত্রে অঞ্চলভেদে ভাড়া/ইজারা হারের সর্বোচ্চ সীমা নিম্নরূপ হবে:

ক্রম	বিভাগীয় অঞ্চল	ভাড়া/ ইজারা সর্বোচ্চ সীমা (টাকা/বর্গফুট)			মন্তব্য
		সিটি কর্পোরেশন	ক শ্রেণিভুক্ত পৌরসভা	পল্লী	
১	ঢাকা	১০৪.০০	২৮.০০	২৪.০০	চুক্তি সম্পাদনের ১০ কর্মদিবসের মধ্যে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১ কে অবহিত করতে হবে।
২	চট্টগ্রাম	৬১.০০	২৭.০০	২০.০০	
৩	রাজশাহী	৩৪.০০	২৫.০০	১৩.০০	
৪	সিলেট	৪০.০০	২২.০০	১৬.০০	
৫	খুলনা	৩৪.০০	২১.০০	১৩.০০	
৬	রংপুর	৪৫.০০	১৭.০০	১৩.০০	
৭	বরিশাল	৪৮.০০	২০.০০	১৪.০০	
৮	ময়মনসিংহ	৩৬.০০	১৯.০০	১৪.০০	

খ) এরূপ ভাড়া/ইজারা গ্রহণের ক্ষেত্রে গৃহীতব্য অগ্রিম, ব্যবসাকেন্দ্র স্থাপনাব্যয়, ভাড়া বৃদ্ধির হারসহ অন্যান্য বিষয়াদি নির্ধারণে বিআরপিডি সার্কুলার নং-০২/২০২৩ এর বর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে।

গ) এছাড়াও, ভবনের অবস্থান, ফ্লোরের অবস্থান, ভবনের স্থাপনামান ইত্যাদির ভিন্নতা বিবেচনায় ভবন ভাড়া/ইজারার হার উল্লিখিত সর্বোচ্চ সীমার মধ্যে যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে এবং এ বিষয়ে স্ব স্ব ব্যাংকের পরিচালনা পর্যদের অনুমোদন গ্রহণ কতে হবে।

২. ১(ক) ক্রমিকে বর্ণিত সীমার অতিরিক্ত হারে ব্যবসা কেন্দ্রের ভাড়া/ইজারা নির্ধারণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।
৩. ভবন ভাড়া/ইজারার হার ১(ক) ক্রমিকে বর্ণিত সর্বোচ্চ সীমার মধ্যে থাকলেও নিম্নোক্ত ক্ষেত্রে আবশ্যিকভাবে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে:
- ক) নির্বাচিত ভবনের মালিকানার সাথে ব্যাংকের পরিচালক/পরিচালক স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি এর সংশ্লিষ্টতা;
 - খ) বিদ্যমান ভাড়া চুক্তির মেয়াদপূর্তির পূর্বে ব্যাংকের ব্যবসা কেন্দ্র স্থানান্তর;
 - গ) প্রধান কার্যালয় ও এর নিয়ন্ত্রনাধীন বিভাগসমূহের ভাড়া/ইজারা গ্রহণ।
৪. এতদবিষয়ে বিশেষভাবে উল্লেখ্য যে, ব্যবসা কেন্দ্র স্থাপন ও স্থানান্তর বিষয়ে ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ৩২ ধারায় বর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে।

ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এই নির্দেশনা জারী করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২